

# কুতুবে সিত্তাহ এর সংক্ষিপ্ত পরিচয়:

## সহীহুল বুখারী

মূল নাম:

الجامع المسند الصحيح المختصر من أمور رسول الله صلى الله عليه و

سلم وسننه وإيامه

হাদীছ সংখ্যা: ইবনে হাজার আসকালানীর মতে: পুনঃ পুনঃ উল্লিখিত হাদীছ সহ হাদীছের সংখ্যা ৭৩৯৭টি। পুনঃ পুনঃ ছাড়া হাদীছ সংখ্যা ৪০০০।

হাদীছের ব্যাখ্যা গ্রন্থ: ১) ইলমুস সুনান। ২) ফাতহুল বারী। ৩) শারহুল বুখারী।

লেখক: আবু আব্দুল্লাহ মুহাম্মাদ ইবনু ইসমাইল ইবনে ইবরাহীম ইবনে মুগীরাহ ইবনে বারদিযবাহ আল বুখারী আল জু'ফী।

জন্ম: ১৯৪ হি. সালে শাওয়াল মাসের ১৩ তারিখ জুমার নামাজের পর বুখারায় জন্মগ্রহণ করেন।

উল্লেখযোগ্য রচনা: আত্ তারীখুল কাবীর, আল আদাবুল মুফরাদ, আল কিরআতু খালফাল ইমাম, রফ'উল ইয়াদাইন।

মৃত্যু: ২৫৬ হি. ঈদুল ফিতরের রাতে ইশার নামাজের পর সমরকন্দের পাশে খরতংক নামক স্থানে ইন্তিকাল করেন।

## সহীহ মুসলিম

হাদীছ সংখ্যা: আধুনিক কালের উস্তাদ ফুয়াদ আব্দুল বাকির গণনা অনুসারে তাকরার ছাড়া হাদীছের সংখ্যা দাড়িয়েছে ৩০৩৩টি।

সহীহ মুসলিমের ব্যাখ্যাগ্রন্থ: ১) আল মু'আল্লিম ফি ফাওয়াইদি মুসলিম,  
শারহ সহীহ মুসলিম।

লেখক: আবুল হুসাইন মুসলিম ইবনুল হাজ্জাজ ইবন মুসলিম ইবন ওয়ারদ  
ইবন কুশায় আল কুশাইরি আন নাইসাপুরী।

জন্ম: ২০২ বা ২০৪ হিজরীতে খুরাসানের প্রসিদ্ধ শহর নায়সাপূরে  
জন্মগ্রহণ করেন।

রচনাবলী: ১) আল কিতাব আস্ সহীহ। ২) কিতাবুল কুনা ওয়াল  
আসমা। কিতাবুত তাবাকাত।

মৃত্যু: ২৬১ হি. সালের রজব মাসের ২৪ তারিখ রবিবার সন্ধ্যায়  
নায়সাপূরে ইন্তিকাল করেন।

## আল জামি আত তিরমিযি

আল জামি সম্পর্কে ইমাম তিরমিযি বলেন,

ومن كان في بيته هذا الكتاب فكانما في بيته نبي ينطق

অর্থাৎ যার গৃহে এ কিতাবটি রয়েছে, তার গৃহে যেন স্বয়ং নবী করীম (স)  
অবস্থান করছেন এবং কথা বলছেন।

হাদীছের সংখ্যা: ইমাম তিরমিযী (র) তাঁর আল জামি গ্রন্থে ৩৮১২টি  
হাদীছের স্থান দিয়েছেন। ইবনু কাসীর (র) বলেন ইমাম তিরমিযী (র)  
৪০০০টি হাদীছ তার গ্রন্থে স্থান দিয়েছেন।

তিরমিযীর ব্যাখ্যা গ্রন্থ: ১) আরিয়াতুল আহওয়াযী ফী শরহিত তিরমিযি।  
২) তুহফাতুল আহওয়াযী, ৩) মা'আরিফুস সুনান।

লেখক: মুহাম্মাদ ইবন ঈসা ইবন সাওরাহ ইবন মুসা ইবন দাহহাক।

জন্ম: ইমাম তিরমিযি ২০৯ হি. তিরমিয শহরের বুগ নামক স্থানে জন্মগ্রহণ  
করেন।

রচনাবলী: ১) আল জামি আত্ তিরমিযী, ২) শামায়িলুত তিরমিযি, ৩) কিতাবুল ইলাল ।

মৃত্যু: তিনি ২৭১ হি. সালের রজব মাসের শেষ দিকে ইন্তিকাল করেন ।

## সুনান আন নাসায়ী

হাদীছের সংখ্যা: ইমাম নাসাঈ (র) আস সুনানুল কুবরা যাচাই বাছাই করে সুনান আন নাসাঈ সংকলন করেন । এ গ্রন্থে ৫৭৬১টি হাদীছ স্থান পেয়েছে ।

ব্যাখ্যাগ্রন্থ: ১) আল ইম'আন ফী শরহি সুনানে আদ্বির রহমান, ২) যহরুর-রুবা আল্লাল মুজতাবা ।

লেখক: আবু আদ্বির রহমান আহমাদ ইবনু শুআয়ব ইবন সিনান ইবন বাহর ইবন দীনান আল খুরাসানী আন নাসাঈ ।

জন্ম: ইমাম নাসাঈ ২১৫হি, খুরাসানের নাসা নামক স্থানে জন্মগ্রহণ করেন ।

রচনাবলী: ১) কিতাবুয যু'আফা ওয়াল মাতরুকীন, ২) তাফসীরুন নাসাঈ, ৩) আস সুনানুল কুবরা ।

মৃত্যু: ইমাম নাসাঈ (র) ৩০৩ হিজরীতে মক্কায় ইন্তিকাল করেন ।

## সুনানে আবু দাউদ

হাদীছে সংখ্যা: ইমাম আবু দাউদ (র) পাঁচ লক্ষ হাদীছ থেকে যাচাই বাছাই করে তাঁর সুনান গ্রন্থে ৪৮০০ হাদীছ লিপিবদ্ধ করেন ।

ব্যাখ্যাগ্রন্থ: ১) মু'আলিমুস সুনান, ২) মিরকাতুস সউদ ইলা সুনানি আবি দাউদ, ৩) শারহু সুনানি আবি দাউদ

লেখক: আবু দাউদ সুলাইমান ইবনুল আশ'আস ইবন ইসহাক ইবন বাশীর ইবন শাদ্দাদ ইবন আমর ইবন ইমরান ।

জন্ম: ইমাম আবু দাউদ (র) ২০২হি. সিজিস্তান এ জন্মগ্রহণ করেন।

রচনাবলী: ১) সুনানী আবি দাউদ, ২) কিআবুল মারাসীল, ৩) কিতাবু মাসাইলি আবী দাউদ লি ইমাম আহমদ ফীর রুওয়াত।

মৃত্যু: ২৭৫হি. শাওয়াল মাসের ১৬ তারিখ জুম'আর দিন বসরায় ইন্তিকাল করেন।

## সুনান ইবনে মাজাহ

হাদীছের সংখ্যা: ৪৩৪১টি

ব্যাখ্যাগ্রন্থ: ১) শরহ সুনান ইবনে মাজাহ, ২) ইনজাছল হাজাহ ৩) মিফতাছল হাজাহ।

লেখক: আবু আব্দিল্লাহ মুহাম্মাদ ইবন ইয়াযীদ ইবন আব্দিল্লাহ আর রবয়ী আল কাযভীনী।

জন্ম: ইবন মাজাহ (র) ২০৯ হিজরীতে ইরাকের কাযভীনে জন্মগ্রহণ করেন।

রচনাবলী: ১) আত তাফসীর, ২) আত তারিখ বা ইতিহাস।

মৃত্যু: ইবন মাজাহ (র) ২২ রমযান ২৭৩হি. সোমবার দিনে ইন্তিকাল করেন।

AT-TUFLIHUN TV